সংবাদ

তারিখ ·16· JUN·2016
পৃষ্ঠা ২ কলাম ৫

# একাদশ শ্রেণীতে ভর্তির ফল প্রকাশ আজ

নিজস্ব বার্তা পরিবেশক

কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য এবার ১৩ লাখ এক হাজার ৯৯ জন শিক্ষার্থী আবেদন করেছে। ভর্তির জন্য মনোনীতদের তালিকা প্রকাশ করা হবে আজ। শিক্ষার্থীদের ফলাফল ভর্তির আবেদনের সময় দেয়া মোবাইল নম্বরে খুদে বার্তার (এসএমএস) মাধ্যমে জানিয়ে দেয়া হবে। খুদে বার্তায় একটি গোপনীয় পিন নম্বর প্রদান করা হবে। এই পিন নম্বরটি পরবর্তী ভর্তি নিশ্চয়নের জন্য সংরক্ষণ করতে হবে।

এছাড়াও শিক্ষার্থীর এসএসসি ও সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন, রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে ভর্তির ওয়েবসাইট (ীীী.রিপষধংংধফসরংংরড়হ.মড়া.নফ) থেকে বিস্তারিত ফলাফল পাওয়া যাবে। শিক্ষার্থীরা তাদের আবেদনকৃত কলেজের নোটিশ বোর্ডেও ফলাফল দেখতে পারবেন।

এ ব্যাপারে গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আসফাকুস সালেহীন জানান, ভর্তির ফল প্রকাশের সব প্রস্তুতি শেষ হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরের পর যেকোন সময় ফল প্রকাশ করা হবে।

বুয়েটের কারিগরি শাখার সংশ্লিষ্টরা সব রকম পরীক্ষা-নিরীক্ষা শেষ করেছে জানিয়ে কলেজ পরিদর্শক বলেন, 'আশা করি এবার ঝামেলা ছাড়াই এ ফল প্রকাশ করা যাবে। মেধা ও অপেক্ষমাণ তালিকা একই দিনে প্রকাশ করা হবে।' ভর্তি নীতিমালা অনুযায়ী ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীরা আগামী ১৮ থেকে ২২ জুন মেধা তালিকা এবং ২৩ থেকে ৩০ জুন পর্যন্ত অপেক্ষমাণ তালিকার ভর্তিচ্ছুরা পছন্দের প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে। তবে বিলম্ব ফি দিয়ে ১০ থেকে ২০ জুলাই পর্যন্ত ভর্তির সুযোগ পাবে শিক্ষার্থীরা।

১০ জুলাই একাদশের শ্রেণী কার্যক্রম শুরু হবে। ৭ থেকে ১৮ আগস্টের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বোর্ডে জমা দিতে হবে। ২২-৩১ আগস্ট ভর্তিকৃত শিক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি জমার স্লিপ বোর্ডে প্রদান করতে হবে।

আন্ত:শিক্ষা বোর্ড জানায়, এবার ১৩ লাখ এক হাজার ৯৯ শিক্ষার্থীর মধ্যে অনলাইনে আবেদন করেছে ৯ লাখ ৩৭ হাজার ৯৪৭ জন এবং মোবাইল ফোনে আবেদন করেছে চার লাখ পাঁচ হাজার ৮৬৮ জন শিক্ষার্থী। এর মধ্যে বরিশালে ৬৫ হাজার ১০২ জন, চট্টগ্রামে এক লাখ সাত হাজার ৩৩০ জন, কুমিল্লায় এক লাখ ২৬ হাজার ৩৫৯ জন, ঢাকায় চার লাখ ৯ হাজার ৬৭৫ জন, দিনাজপুরে এক লাখ ৩২ হাজার ৪৬৮ জন, যশোরে এক লাখ ২৬ হাজার ৭৪৯ জন, সিলেটে ৭৩ হাজার ৭১ জন, মাদ্রাসা বোর্ডে এক লাখ ১৪ হাজার ৫৫৪ এবং কারিগরি বোর্ডে (বিটিটিবি) এক লাখ ১০ হাজার ৮০৭ জন আবেদন করেছে। ছাত্রছাত্রী তাদের আবেদন করা প্রতিটি কলেজে মেধা তালিকায় অথবা অপেক্ষমাণ তালিকায় ফলাফল পাবে। অনলাইনে তাদের রোল, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ফলাফল দেখতে পারবে। যেসব শিক্ষার্থী কোন কলেজে বিশেষ কোটার জন্য আবেদন করেছে তাদের ৯ জুনের মধ্যে সংশ্লিষ্ট কলেজে বিশেষ কোটার কাগজপত্র দাখিল করতে হবে। এবার এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ১৪ লাখ ৫২ হাজার ৬০৫ জন।